

## নানা রঙ এর স্বপ্ন মাহাদী হাসান পিয়াল

সকালবেলা স্বপ্ন ভেঙে  
ঘুম যখন যায় চলে  
সামনের খোলা জালানার ওপাশে  
নীল আকাশ দেখি চোখ মেলে ।  
সেখানে খুঁজি বিগত স্বপ্নগুলো  
দেখি অবাক হয়ে  
কীভাবে অবাক হয়ে  
কীভাবে মেঘের পরে ভর করে  
স্বপ্নগুলো যায় সেই অদূরে  
শুভ্র মেঘের পরে দূর ওই আকাশে  
নীল স্বপ্নটি মাঝে হাত তুলে ডাকে  
হাজার রঙের স্বপ্নগুলো মোর  
ফিরে দেখে মোরে ফাঁকে ফাঁকে  
লাল স্বপ্ন মেরুদণ্ড স্বপ্ন  
হরেক রকম স্বপ্ন  
বাদামি স্বপ্নটি ভীষণ লাজুক  
ভাবুক নীল স্বপ্ন  
লালটি একটু মুচকি হাসে  
গোলাপটি পায় লজ্জা ভীষণ  
সাদা স্বপ্ন নেয় কাফন সজ্জা  
কালো স্বপ্নটি বিষাদে ভরা  
হাজার রঙের স্বপ্নগুলো  
ভেসে যায় ওই অদূরে  
স্বপ্ন ছাড়া শূন্য আমি  
শূন্যতা মোর বুকটিজুড়ে ।

## একটি মুহূর্ত

সৈয়দা নূরুন্নাহার (লিলি)

কোনো এক মুহূর্ত  
মেনে নিতে হয়েছিল আমাকে  
দুঃখ-ব্যথায় জরজরিত এই ক্ষণটি  
মেনে নিতে হয়েছিল ।  
মেনে নিতে হয়েছিল ব্যর্থতার গ্লানিকে ।  
কোনো এক মুহূর্ত  
মিষ্টি কথার মিমি চকোলেট  
হাতে দিয়ে বললো  
চাঞ্চল্যকর তথ্য  
অপ্রিয় হলেও সত্য  
তাই মেনে নিতে হয়েছিল আমাকে  
কারণ- আমি যে এক ক্ষুধার্ত ।  
কোনো এক মুহূর্তে  
অতীতের সব দুঃখ  
মুছে ফেলে সুন্দর করে  
সাজাতে চাই সুখের বাসর ।  
হঠাৎ এক দমকা হাওয়া, এসে রেখে যায় কালবিলম্ব  
ভেঙে যায় ক্ষণিকেই, সেই আশার তাজমহল ।  
স্বপ্নময় পৃথিবীতে স্বপ্নের রাজ্য গড়েছে সবাই  
বাস্তবতার মাঝে নিজের জীবনটাকে করিনি যাচাই,  
এমন মুহূর্তে আমরা কি সবাই সুখী হতে চাই!  
কে-ইবা বলো পাই, পাই তো শুধু  
কোনো এক মুহূর্তটাই ।

## শান্তির বাংলাদেশ চাই শিউলী খন্দকার

স্বাধীনতার দীর্ঘ সাইত্রিশ বছর পর  
অবশেষে এসেছে একটি স্বর্ণালি দিন ।  
একটি আলো ঝলমলে রূপোলি সকাল  
অনেক দিন পর এসেছে এই বাংলায় ।  
অনেক বছর পর এসেছে একটি স্বর্ণযুগ ।  
হে যুগের কাণ্ডারিয়া,  
হে শান্তির সৈনিকেরা,  
দুর্নীতির জঙ্গল সাফ করো চিরতরে ।  
আমরা চাই না আর দুর্নীতিতে শীর্ষ হতে ।  
আমরা শান্তি চাই ।  
শান্তিতে শীর্ষ বাংলাদেশ চাই ।  
বাংলার ললাটে থেকে দুর্নীতির  
জয় টিকা মুছে ফেলতে চাই ।  
হে বাংলার সূর্য সন্তানেরা,  
হে জ্যোতির্ময় সৈনিকেরা,  
যারা রাজনীতির নামে নিজেদের  
আখের ঘুচিয়ে বিশ্বের কাছে  
আমাদের করেছে কলঙ্কিত  
সেই দুর্নীতিবাজদের ধরো ।  
ধরো আর ভরো । কারাগারে ভরো ।  
ভরতে ভরতে কারাগারের  
অন্ধকার প্রকোষ্ঠগুলো পূর্ণ করে ফেলো ।  
পেঙ্গুইনের ডানার মতো অবশ করে দাও  
ওদের বাহু দুটো ।  
যেন কোনোদিন আর উড়তে না পারে ।  
যেন কোনোদিন আর  
শিরদাঁড়া উঁচু করে দাঁড়াতে না পারে ।  
কারণ এই দেশের মানুষ শান্তি চায়  
শান্তির বাংলাদেশ চায় ।

## ভালোবাসি তোমায়

আশীষ সরকার

তোমার চোখে চোখ রেখে বলেছিলাম...  
এক সোনালি বিকেলবেলায়  
ভালোবাসি তোমায় ।  
যদিও দাওনি উত্তর তার  
ভবুও বলি...  
ভালোবাসি তোমায় ।  
তোমার হাতে হাত রেখে বলেছিলাম...  
এক জ্যোৎস্না ভরা রাতে  
চলো হারিয়ে যাই দূর অজানায়  
বলেছিলে তুমি,  
অপেক্ষা করো...  
ভবুও বলি  
ভালোবাসি তোমায় ।  
তোমার অন্তরে অন্তর রেখে বলেছিলাম...  
এক বৃষ্টিভেজা রাতে,  
ভালোবাসি তোমায়...  
তুমিও সেদিন বলেছিলে চুপিসারে,  
ভালোবাসি তোমায়॥